দর্শনা কেরু চিনিকলে ট্রাক্টরের টায়ার বিস্ফোরণ, দুই শ্রমিক আহত

দর্শনা কেরু অ্যান্ড কোম্পানি (বাংলাদেশ) লিমিটেডের গ্যারেজে ট্রাক্টরের টায়ার ফেটে দুই শ্রমিক গুরুতর আহত হয়েছেন। আজ রবিবার সকাল ১০টার দিকে কেরু হাওয়া ঘরে টলি ট্রাক্টরের টায়ার খোলার সময় এ দুর্ঘটনা ঘটে।

দুর্ঘটনার পরপরই আহত দুই শ্রমিককে কেরু চিনিকলের একটি পিকআপে করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেওয়া হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক প্রাথমিক চিকিৎসা শেষে তাদের অবস্থা গুরুতর হওয়ায় উন্নত চিকিৎসার জন্য ঢাকার পঙ্গু (এনআইটিওআর) হাসপাতালে রেফার্ড করেন।

আহত শ্রমিকরা হলেন দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের রোঘুনাথপুর গ্রামের নাসীর উদ্দিন (৩৫) এবং শ্যামপুর গ্রামের সাকা বিশ্বাসের ছেলে শাহাবুদ্দিন ওরফে বশির উদ্দিন (৫০)।

কেরু গ্যারেজের ইঞ্জিনিয়ার আবু সাঈদ তাৎক্ষণিকভাবে আহতদের উদ্ধার করে কেরুর একটি পিকআপে করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পাঠান।

ঘটনার খবর পেয়ে কেরু চিনিকলের শ্রমিক নেতৃবৃন্দ আহত শ্রমিকদের সুচিকিৎসার খোঁজখবর নেন। পাশাপাশি কেরু চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান আহত দুই শ্রমিকের খোঁজখবর নেন এবং তাদের চিকিৎসা ব্যয়ের জন্য কোম্পানির পক্ষ থেকে আর্থিক সহায়তার আশ্বাস দেন।

কোম্পানির পক্ষ থেকে চিকিৎসা ব্যয় বহনের সিদ্ধান্তে শ্রমিক-কর্মচারীরা ব্যবস্থাপনা পরিচালকের উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন।

দর্শনা কেরু চিনিকলে ১০ দিন পরে এলো টিএসপি সার ও কীটনাশক

চুয়াডাঙ্গা জেলার একমাত্র ভারী শিল্প প্রতিষ্ঠান দর্শনার ঐতিহ্যবাহী কেরু চিনিকল এলাকায় ইক্ষু রোপন ভরা মৌসুমে হঠাৎ করে টিএসপি সার, মাটিশোধন ও কীটনাশক চরম সংকট, দেখা দেয়।

এলাকার আখচাষী কৃষকরা গত সোমবার ২১ অক্টোবর বেলা ১১ টার দিকে কেরু চিনিকল মিল গেট কেরু সার গোডাউন থেকে সার না পেয়ে ফীরে যাচ্ছিল কৃষকরা।

ঐদিন সরজমিনে গিয়ে দেখা যায় আখ রোপনের জন্য অর্ধশতাধিক কৃষক সার না পেয়ে হতাশ হয়ে ফিরে যাচ্ছে। এরপরেও ২০/২৫ জন কৃষক সার আসবে ভেবে আলমসাধু ইজিবাইক ও পাখিভ্যান নিয়ে অপেক্ষা করতে দেখা গেছে। এ আখ রোপন ভরা মৌমুমে হঠাৎ হঠাৎ বৃষ্টির কারনে আখ রোপন ব্যাহত হচ্ছে। অন্যদিকে কেরু চিনকলের গোডাউন থেকে সার না পাওয়াই হতাশাগ্রস্ত হয়ে পড়ছে কৃষকরা। এ বিষয়ে বেশ কিছু পত্রিকায় সংবাদ প্রকাশিত হয়। এরপর তৎক্ষনিক কেরুজ চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান তড়িৎ পদক্ষেপ নেয়। তিনি নিজ উদ্দ্যগে গতকাল বুধবার সার ও কীটনাশক সমস্যা সমাধান করেন।

গতকাল সরেজমিনে গিয়ে দেখা যায় একের পর এক ট্রাক ভর্তি সার কেরু গোডাউল এলাকায় প্রবেশ করছে। ফলে কেরু চিনিকল মিলগেট এলাকায় সার ও কীটনাশক সংকট সমস্যা নিরসন হয়েছে। ফলে আজ বৃহস্পতিবার থেকে সার সংকট থাকবে না বলে গোডাউন অফিসার মাহবুবুর রহমান জানান।

গতকাল বুধবার ৭টি ট্রাকে ৯৫ টন টিএসপি, ২শত টন এমওপি সার কেরু গোডাউনে মজুদ করা হয়েছে। এছাড়া গতকাল বুধবার ৩০০ শত টন ইউরিয়া সার পথের মধ্যে রয়েছে বলে জানান ঐ গোডাউন অফিসার। ফলে কৃষকদের চাহিদা অনুযায়ী এখন থেকে সার ও কীটনাশক পাবে। মিল কর্তৃপক্ষ জানিয়েছেন।

দর্শনা কেরু চিনিকলের নিরাপত্তা কর্মীদের ৪৯০ টাকা পারিশ্রমে মানবেতর জীবন যাপন

দর্শনা কেরু চিনিকলের অধিনে নিরাপত্তা প্রতিদিনে হাজিরা ৪৯০ টাকা যা দিয়ে দিনপাত করা কঠিন হয়েছে। একদিকে দিন হাজিরা কম অপরদিকে নিত্য প্রয়োজনীয় জিনিসের মুল্যে বৃদ্ধি হওয়ায় সংসার চালাতে নাভিশ্বাস হয়ে পড়েছে এমটি বলেন হানিফ নামে নিরাপত্তা কর্মী।

এছাড়া ডিউটি থাকলে হাজিরা না থকলে হাজিরা হবে না এ নিয়মে চলছে এসব নিরাপত্তা সদস্যরা। বিগত ১৬ থেকে ২০ বছর ধরে এ ভাবেই চলে আসছে বলে জানান হাবিলদার জসিম উদ্দিন। সেটাপে অধিনে ৬০জন থাকার কথা থাকলেও সেখানে ৫৮জন নিরাপত্তা সদস্য রয়েছে । দুইটি পদ শূন্য রয়েছে। ফলে এ ৫৮ জন নিরাপত্তা সদস্য মিলের সিকিউরিটি দিয়ে যাচ্ছে এসব নিরাপত্তা সদস্যরা।

এ বিষয়ে সহকারী ব্যবস্থাপক বা নিরাপত্তা অফিসার মোজাহিদুল ইসলামের নিকট নিরাপত্তা সদস্যদের দিন হাজিরা বাড়ানো হবে কিনা জানতে চাইলে তিনি বলেন, না এমন কোন উদ্যোগ নেই। তবে কর্তৃপক্ষকে হাজিরা বাড়ানো বিষয় উদ্যোগ নেয়া হয়নি। উদ্যোগ নেবেন কিনা জানতে চাইলে তিনি বলেন না। তবে কোন সময় এ বিষয় কথা উঠলে কর্তৃপক্ষকে বলে দেখার চেষ্টা করবো।

নিরাপত্তা শ্রমিকদের দাবী বর্তমান বাজার দরের দিকে লক্ষ্য রেখে আমাদের দিন হাজিরা বাড়িয়ে দিলে আমরা ছেলে মেয়ে নিয়ে ভালভাবে খেয়ে পরে বাচঁতে পারতাম। বিষয়টি মানবিক দিক বিবেচনা করে দিন হাজিরা বাড়ানোর দাবী করেছে এসব নিরাপত্তা সদস্যরা।